# ECHO OF HIS CALL

ECHO OF HIS CALL
REACHING NATIONS
SINCE 1969
1969 TO 2029

# আহ্বানের প্রতিধ্বনি

**BENGALI**

*India's National Spiritual Newspaper*

₹ 10/-

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor: Rev. Dr. ANJAN KUMAR SINGH

Vol XXVII | YEAR OF OUR LORD JESUS CHRIST, 2025 SEPTEMBER | No 08


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

গীত ৮১:১-৮

১। ঈশ্বর, যিনি আমাদের বল, তাঁর উদ্দেশে আনন্দগান করো; যাকোবের ঈশ্বরের উদ্দেশে জয়ধ্বনি করো!

২। সঙ্গীত শুরু করো,খঞ্জনিতে তালি দাও, সুমধুর বীণা আর সুরবাহার বাজাও।

৩। অমাবস্যা ও পূর্ণিমায়, আমাদের উৎসবের দিনে, শিঙার সুদীর্ঘ শব্দ করো;

৪। ইস্রায়েলের জন্য এই হল ঈশ্বরের রায়, যাকোবের ঈশ্বরের আদেশ।

৫। যখন ঈশ্বর মিশরের বিরুদ্ধে অগ্রসর হলেন, তিনি যোষেফের মধ্যে এসব বিধিবিধান রূপে সাক্ষ্য স্থাপন করলেন। আমি এক অচেনা কণ্ঠস্বর শুনতে পেলাম;

৬। "আমি তাদের কাঁধ থেকে বোঝা সরিয়ে নিলাম;ঝুড়ি থেকে তাদের হাত নিষ্কৃতি দেওয়া হল।

৭। তোমার সঙ্কটে তুমি প্রার্থনা করলে আর আমি তোমাকে উদ্ধার করলাম, বজ্রবিদ্যুৎসহ মেঘের অন্তরাল থেকে আমি তোমাকে উত্তর দিলাম; মরীবার জলের ধারে আমি তোমাকে পরীক্ষা করলাম।

৮। হে আমার ভক্তসকল, আমার কথা শোনো, আর আমি তোমাদের সতর্ক করব— হে ইস্রায়েল, যদি তুমি আমার কথা শুনতে!

## এমনকি সঙ্কটের সময়েও দৃঢ়রূপে ধরুন এবং সাহসী হন!

**HOLD FAST & BE COURAGEOUS EVEN IN HARD TIMES!**

(অবৈতনিক প্রধান সম্পাদিকা: রেভা.অ্যাঞ্জেলীন সেলভাকুমারী)



আমাদের প্রভু এবং ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের নামে আপনাদের শুভেচ্ছা জানাই, একমাত্র তাঁরই অসাধারণ এবং অলৌকিক কাজ করার ক্ষমতা আছে। আমার বিশ্বাস এই বাণীটি আপনাকে খুঁজে পেতে সাহায্য করবে এবং আমার একান্ত প্রার্থনা যে আপনি আপনার প্রাণসহ সমৃদ্ধ হতে পারবেন।

কয়েক দিন আগে, আমি দানিয়েল ৩ অধ্যায়টি পাঠ করছিলাম। যদিও আমি আগে অনেকবার এই অংশটি পাঠ করেছি, এবার এটি আমাকে গভীর সান্ত্বনা এবং পুনরায় আশ্বাস দিয়েছে। আমি আপনাদের সঙ্গে কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয় সহভাগিতা করতে চাই।

### খ্রীষ্টীয় ভ্রাতৃগণ!

দানিয়েল ৩ অধ্যায়টি নাটকীয় এবং গভীর দৃশ্যসহ শুরু হয়েছে। তিনজন ইব্রীয় যুবক -শদ্রক, মৈশক, এবং অবেদ-নগোকে রাজা নবূখদ্‌নিৎসর তাঁর স্থাপিত সোনার প্রতিমার কাছে নতজানু হতে এবং আরাধনা করার আদেশ দিয়েছিলেন। তারা যখন তা করতে অস্বীকার করেছিলেন, তাদের প্রজ্বলিত অগ্নিকুণ্ডে নিক্ষেপ করা হয়েছিল।

(ক্রমশঃ, ৩পাতায়)




তাঁর আহ্বানের প্রতিধ্বনি

**ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল!**

আপনি পাস্টর এস. স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করার সুযোগ পাবেন।

**Message & Prayer in 5 minutes!!**

ইংরেজি, হিন্দি, তামিল ও তেলুগু

Every day – From 2.00 A.M.

৫ মিনিটের বাণী!!

তামিল এবং তেলেগু - ভোর ৫টা

তামিল ভাষায় রবিবারের উপাসনা - সকাল ৮.৩০

ECHO OF HIS CALL
REACHING NATIONS
SINCE 1969
1969 TO 2029

# আহ্বানের প্রতিধ্বনি – (Marching towards 60th year)

Estd. 1969



## *from your dearly beloved brother...*



### আমাদের মিশনের নীতি

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।

HON. EDITOR-IN-CHIEF
Rev. Dr. Angeline S. Kumari, M.A., M.Sc., M.Ed.
EX MANAGING EDITOR
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.
GENERAL MANAGER
Bro. N. Prakasam, M.A., M.Sc.(C&P), PGDHRM, MBA.
ADMINISTRATION
Sis. Jesy Veena Sam
Adv. K. Puratchivendan, M.Com., C.A., B.L.
Dr. P.E.R. Premchand, M.Sc., M.A., M.Ed., Ph.D.
Dr. C.G.S. Baburao, B.Tech., M.Tech. (DM), Ph.D.
Dr. Rabinder Boaz, M.S. (CMC)
EDITORIAL BOARD
Dr. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Sis. Sajini Cherian
Rev. Dr. K.R. Rajasekaran
Rev. Dr. William Robert, Ph.D., DD, D.Lit.

EDITOR, PUBLISHER & PRINTER
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 98412 71858 95661 31858
E.MAIL
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in
WEBSITES
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.org
YOUTUBE CHANNEL
Echo of His Call

**"সদাপ্রভুর দৃষ্টিতে যা কিছু সঠিক এবং ভালো তাই কোরো, যেন তোমাদের মঙ্গল হয়...।"**
**(দ্বি.বিবরণ ৬:১৮)।**

খ্রীষ্টে প্রিয় বন্ধুগণ,

আমাদের প্রভু এবং ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের নামে আপনাদের শুভেচ্ছা জানাই।

আমি আমাদের সেই সমস্ত ভাই ও বোনদের আন্তরিক ধন্যবাদ দিই যারা তাদের অবিরত প্রার্থনা, অক্লান্ত পরিশ্রম, এবং উদার স্বেচ্ছাকৃত অনুদানের মাধ্যমে নেপথ্যে থেকে বিশ্বস্তভাবে আমার সঙ্গে দাঁড়িয়েছেন। আপনারা আমার কাছে ঈশ্বরের অনুগ্রহপূর্ণ উপহার, যাদের সাহায্যে আমরা বিভিন্ন দেশে তাঁর নাম ঘোষণা করতে সক্ষম হচ্ছি, এমনকী প্রতিদিন বিভিন্ন চ্যালেঞ্জ, পরীক্ষা এবং ক্লেশের মধ্যেও।

আমার জন্য, আমি ঈশ্বরের সাক্ষ্যগুলি আঁকড়ে ধরেছি, এবং আমি বিশ্বাস করি তিনি আমাকে লজ্জিত হতে দেবেন না। গীত রচয়িতা ১১৯:৩১ পদে বলেছেন:

**হে সদাপ্রভু, আমি তোমার বিধিবিধান আঁকড়ে ধরেছি; আমাকে লজ্জিত হতে দিয়ো না।**

আঁকড়ে ধরার অর্থ দৃঢ়ভাবে সংলগ্ন থাকা, এঁটে থাকা, ধরে থাকা, এবং অবিচল থাকা। ঈশ্বর যখন তাঁর লোকদের তাঁর আজ্ঞাগুলি দিয়েছিলেন, একটি পুনরাবৃত্ত অনুরোধ ছিল "দৃঢ়রূপে ধরে থাকো" অথবা "দৃঢ়রূপে সংযুক্ত থাকো"। এই অকম্পিত প্রতিশ্রুতিবদ্ধ তা ছাড়া ঈশ্বর কর্তৃক প্রদত্ত লক্ষ্যগুলোতে পৌঁছানোর অন্য কোনও পথ নেই।

ব্যক্তিগতভাবে, আমি আমার কিশোর বয়েস থেকেই সদাপ্রভুর সঙ্গে দৃঢ়ভাবে সংলগ্ন থাকারএই যাত্রাটি শুরু করেছিলাম। আমি বুঝতে পেরেছিলাম যে একটি সফল আত্মিক যাত্রা সহজ এবং আরামের পথ নয়। এর জন্য সুচিন্তিত প্রচেষ্টার প্রয়োজন - সর্বান্তকরণে তাঁকে আঁকড়ে ধরা, অবিচল থাকা এবং তাঁর সঙ্গে সংযুক্ত থাকা।

এগুলো শুধু কথার কথা নয়; এগুলি গভীর আত্মিক অভিজ্ঞতাগুলিকে প্রতিফলিত করে। রৌদ্রজ্জ্বল দিনে অথবা ঝড়ের মধ্যে, ব্যর্থতা, বিশ্বাসঘাতকতা, নিঃসঙ্গতা, অসুস্থতা, ক্ষতি, দুঃখভোগ, ক্লেশভোগ, এবং পরীক্ষার মধ্যে ঈশ্বরের সঙ্গে সংযুক্ত থাকার বিষয় এগুলো কথা বলে।

কোনও কিছু অন্য কোনও কিছুর উপরের তলের সঙ্গে আঠা দিয়ে দৃঢ়ভাবে সাঁটিয়ে দিলে যেমন সহজে তাদের পৃথক করা যায় না, ঠিক সেই ভাবে আমাদের জীবনকে প্রভু যীশু খ্রীষ্টের সঙ্গে দৃঢ়ভাবে যুক্ত করতে হবে। আমরা যখন প্রকৃতরূপে তাঁর সঙ্গে যুক্ত হবো, তখন তিনি আমাদের জীবনে অবিচ্ছিন্ন অংশ হবেন।

এটি হচ্ছে কঠিন পাথরের উপর নির্মিত জীবন - ডুবে যাওয়া বালির উপর নয়।

আমরা দেখতে পাই আজকের দিনে আমাদের নিজেদের জীবনে বাইবেলের ঘটনাগুলি সম্পূর্ণ হচ্ছে। বিভিন্ন ধর্মীয় বিশ্বাসের লোকেরা এবং জীবনের বিভিন্ন পথে চলমান লোকেরা সাক্ষ্য দেয় যে সদাপ্রভু ঈশ্বর, যীশু খ্রীষ্ট, আজও জীবিত এবং তিনি আমাদের মধ্যে কাজ করছেন।

কয়েক সময় জীবনের রূঢ় অভিজ্ঞতাগুলির সময় দৃঢ়ভাবে সংলগ্ন থাকা, এঁটে থাকা, ধরে থাকা, এবং অবিচল থাকার বিষয়গুলে তাঁর সঙ্গে আমাদের সম্পর্কের মধ্যে অত্যধিক চাপ এবং পীড়ন আনতে পারে। যাইহোক, ঈশ্বরের বাক্য আমাদের আশ্বাস দেয়:

Our Ministries: ECHO OF HIS CALL Monthly Magazines (16 languages) BIBLECOR - Postal Courses (3 languages) YouTube Ministry Online Courses Theological Correspondence Courses (2 languages) Church Planting Nehemiah Bible Colleges Gospel Printing Press Great Commission Partners St. Paul's Matriculation School Crusades Community Development

**"কিন্তু তোমরা যারা তোমাদের ঈশ্বর সদাপ্রভুকে আঁকড়ে ধরেছিলে, তোমরা সবাই এখনও বেঁচে আছো।"** - দ্বি.বি. ৪:৪

আসুন "প্রভু যীশু খ্রীষ্টকে দৃঢ়রূপে ধরার" বিষয়টিকে আমাদের সংকেত বাক্য হোক। এটি হচ্ছে অবিচল বিশ্বাস যা আমাদেরকে জীবনের বিভিন্ন ক্লেশের মধ্যে দিয়ে বিজয়ীরূপে চালিত করবে, আমাদেরকে জয়ী এবং কীর্তিমান করবে।

এই অকম্পিত প্রতিশ্রুতিবদ্ধতার মূল অবশ্যই ঈশ্বরের প্রতি সশ্রদ্ধ ভয়ের মধ্যে রোপিত হতে হবে, যা আমাদের জীবনের প্রতিটি দিকে প্রতিফলিত হবে।

আপনারা আমার প্রার্থনার মধ্যে আছেন। প্রভু যীশু খ্রীষ্টকে আঁকড়ে ধরুন। আপনার জীবনের অবশিষ্ট যাত্রাপথ আশীর্বাদযুক্ত এবং ফলপ্রসূ হবে।

প্রভু যীশু খ্রীষ্টের অনুগ্রহ সর্বদা আপনার সহবর্তী হোক।

প্রিয় ভাই ও বোনেরা, অনুগ্রহ করে অবিরত আমাদের জন্য প্রার্থনা করুন।

ভালোবাসা এবং আশীর্বাদসহ

যীশু খ্রীষ্টে আপনাদের দাস,

**পাস্টর এস. স্যাম সেলভা রাজ**
E.mail : sam@echoofhiscall.org

(ক্রমশঃ, ১ পাতার পর)

৩ অধ্যায়টি বিশেষভাবে অনুসন্ধান করার আগে, প্রাসঙ্গিকতার জন্য ২ অধ্যায়টি সংক্ষেপে দেখার বিষয়টি গুরুত্বপূর্ণ। এই অধ্যায়ে রাজা নবূখদ্‌নিৎসর একটি দুশ্চিন্তাপূর্ণ স্বপ্ন দেখলেন। **তিনি একটি মূর্তি দেখলেন যার মস্তক বিশুদ্ধ সোনার তৈরী, বুক ও বাহু রুপোর, পেট ও উরু পিতলের, পা-দুটি লোহার, আর পায়ের পাতা লোহা ও মাটি দিয়ে তৈরী ছিল** (দানিয়েল ২:৩১-৩৩)।



রাজা নবূখদনিৎসর একটি দুশ্চিন্তাপূর্ণ স্বপ্ন দেখলেন।

স্বপ্নের ব্যাখ্যার জন্য তিনি দানিয়েলকে আহ্বান করলেন। দানিয়েল ব্যাখ্যা করলেন যে **সেই সোনার মাথা হচ্ছেন স্বয়ং রাজা নবূখদনিৎসর এবং আপনার পর অন্যান্য আরও রাজ্য আসবে, তবে তা আপনার থেকে নিকৃষ্ট হবে। তারা আপনার মতো গৌরবময় এবং শক্তিশালী হবে না** (দানিয়েল ২:৩৮-৩৯)।

আমাদেরকে ২ অধ্যায় এবং ৩ অধ্যায়ের মধ্যে সময়ের ব্যবধান বলা হয়নি, কিন্তু কোনও একটা কিছু রাজার হৃদয়কে আলোড়িত করেছিল। সম্ভবত তিনি নিজের বিষয়ে কিছু চিন্তা করেছিলেন, "আমি মারা যাবো, এবং আমার জায়গায় অন্য কেউ রাজ্য শাসন করবে। কিন্তু আমি চাই লোকেরা যেন আমার শাসনকালকে সুবর্ণ যুগ হিসাবে মনে রাখে।" গর্ব অথবা অনিশ্চয়তার দ্বারা প্ররোচিত হয়ে, তিনি একটি প্রকাণ্ড সোনার মূর্তি তৈরী করার সিদ্ধান্ত নিয়েছিলেন-সম্ভবত তাঁর নিজের মূর্তি-আর তিনি দাবি করেছিলেন সবাই যেন তাঁর মূর্তির সামনে সম্মানের সঙ্গে প্রণাম করে।

## ১। স্বাধীনতার উদ্দেশে বন্ধন

দানিয়েল ৩:২১- **"অতএব তাদেরকে পরনের পোশাক, আচ্ছাদন, মাথার কাপড় ও অন্যান্য বস্ত্রসহ বেঁধে জ্বলন্ত অগ্নিকুণ্ডে ফেলে দেওয়া হল।"**

রাজা ভেবেছিলেন তাদের বন্ধন করে, প্রজ্বলিত অগ্নিকুণ্ডের মধ্যে তাদের নিক্ষেপ করে তিনি তাদের স্বাধীনতা হরণ করবেন। শত্রু বিশ্বাস করে থাকতে পারে যে পথভ্রষ্ট করে, বিলম্বিত করে, এমনকি এটা বিনাশ করার দ্বারা সে সাফল্যের সঙ্গে ঈশ্বরের পরিকল্পনা ছেঁটে দিতে পারবে। কিন্তু ঈশ্বর তাদের জন্য আরও মহান পরিকল্পনা করেছিলেন।



ঈশ্বরের আরও বৃহত্তর পরিকল্পনা ছিল

কিছু সময়ের জন্য মনে হয়েছিল যে এই তিন জন ইব্রীয় যুবকের জীবন এখানেই শেষ হয়ে যাবে। ঈশ্বর যখন তাৎক্ষণিকভাবে মধ্যস্থতা করেননি তখন নিশ্চিতভাবে শয়তান আনন্দ করে থাকবে। প্রায়ই, আমরা যখন প্রার্থনা করি, ঈশ্বর সঙ্গে সঙ্গে উত্তর দেন, কিন্তু অনেক সময়, তিনি নীরব থাকেন-

## অত্যন্ত জরুরী বিজ্ঞপ্তি




অদূর ভবিষ্যতে **তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ডাক মারফৎ প্রেরণের বিষয় অবশ্যম্ভাবী বাধার সম্মুখীন হতে পারে। আপনি যদি বাধাহীনভাবে নিয়মিত পত্রিকাটি পেতে চান, তাহলে এখনই পত্র, ইমেল, ফোন কল, অথবা এসএমএস/ হোয়াটস্ অ্যাপ বার্তার মাধ্যমে আপনার নাম, ঠিকানা, ইমেল, হোয়াটস্ অ্যাপ নম্বর পাঠিয়ে দিন।

আপনার সহায়তা আরও উত্তমরূপে পরিষেবা দিতে আমাদের সাহায্য করবে!

**Our address:**

**ECHO OF HIS CALL,**
**10, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005, India**
**Cell: (+91) 98412 71858 / 98410 71858 E.mail: sam@echoofhiscall.org**

কয়েক সময় বছরের পর বছর। এই নীরবতা আমাদের বিশ্বাসকে কাঁপিয়ে দিতে পারে এবং আমাদের বিশ্বাস পরিত্যাগ করার বিষয় প্রলোভিত করতে পারে।

আমি আপনার বিষয় জানি না, কিন্তু আমার এমন অনেক সময়ের অভিজ্ঞতা আছে যখন প্রার্থনা করার পর পরিস্থিতিগুলো ভালো হওয়ার থেকে আরও খারাপ হয়ে গেছিল। আমরা যদি এই ইব্রীয় ভাইদের গল্পটি দেখি, সাহসের সঙ্গে তাদের বিশ্বাস প্রকাশ্যে ঘোষণা করার পর, অগ্নিকুণ্ডের আগুন সাতগুণ বৃদ্ধি করা হয়েছিল।

সম্ভবত, প্রিয় বন্ধুগণ, আপনি নিজেকে প্রশ্ন করেন, "হে প্রভু, কেন পরিস্থিতি খারাপ থেকে আরও খারাপ হয়ে গেল, আমি প্রার্থনা করেই যাচ্ছি - কেন তুমি এই জঘন্য পরিস্থিতি আসতে দিলেন।"

হ্যাঁ, ঈশ্বর তাদের আগুনের মধ্যে নিক্ষেপ করার বিষয়টিকে থামাতে পারতেন। তারা অগ্নির মধ্যে প্রবেশ করার আগে আগুনের শিখা প্রশমিত করতে পারতেন। কিন্তু তিনি তার থেকেও বৃহত্তর কিছু করেছিলেন - তিনি আগুনের মধ্যে তাদের জন্য অপেক্ষা করেছিলেন। তিনি ইতিমধ্যেই সেখানে ছিলেন, তাঁর বাহুর মধ্যে তাদের ধরার জন্য তিনি প্রস্তুত ছিলেন।

তাদের যখন জ্বলন্ত অগ্নিকুণ্ডে নিক্ষেপ করা হয়েছিল, আমি বিশ্বাস করি তারা সরাসরি ঈশ্বরের চিরস্থায়ী বাহুর মধ্যে পতিত হয়েছিলেন। তিনি তাদের আগেই সেখানে উপস্থিত হয়েছিলেন। ঈশ্বর সর্বদা আমাদের আগেই যান - আমাদের রক্ষা করার জন্য তিনিআগেই সেখানে চলতে থাকেন, এমনকি আগুনের মধ্যেও। এমনকি প্রজ্বলিত অগ্নি কুণ্ডের মধ্যেও, তিনি সেখানে থাকেন। আপনি একা নন। তিনি আপনাকে শক্তিশালী করার জন্য, আপনাকে বাঁচিয়ে রাখার জন্য - সেখানে অপেক্ষা করবেন।

ঈশ্বরের অনুমোদন ছাড়া আমাদের জীবনে কিছুই ঘটে না। তিনি আমাদের ক্ষতি করার জন্য আমাদের জীবনে গভীর ক্লেশ আসতে দেন না, কিন্তু আগামী প্রজন্মের কাছে জীবন্ত সাক্ষ্য বহনের জন্য তিনি সেই পরিস্থিতিগুলোকে ব্যবহার করেন। আমাদের জীবন এবং আমাদের সাক্ষ্য টিকে থাকবে। ঈশ্বর আমাদের উত্তরাধিকার রেখে যাওয়ার জন্য আহ্বান করেছেন।

## ২। মুক্ত অবস্থায় চারপাশে হাঁটা

তিনজন যুবককে যখন আগুনের মধ্যে ফেলে দেওয়া হয়েছিল, তাদের সমস্ত বন্ধন খুলে গিয়েছিল। তাদের হাত এবং পা যে দড়ি দিয়ে বাঁধা হয়েছিল সব চলেগেছিল। সদাপ্রভুর উপস্থিতির মধ্যে, তারা



*চারজন লোক বন্ধনমুক্ত অবস্থায় আগুনের মধ্যে হাঁটছে*

মুক্ত হয়েছিল, তাদের পাশে ঈশ্বরের পুত্র ছিলেন।

**"...দেখো! আমি চারজনকে আগুনের মধ্যে মুক্ত ও অক্ষত অবস্থায় চারপাশে হাঁটতে দেখছি..."** (দানিয়েল ৩:২৫)।

তামিল বাইবেলে এই পদটিকে খুব সুন্দরভাবে বর্ণনা করা হয়েছে - এখানে সাধারণভাবে হাঁটার কথা বলা হয়নি, কিন্তু মুক্ত অবস্থায় ধীরেসুস্থে হাঁটার কথা বলা হয়েছে। কি দারুণ ছবি! এই লোকদের বন্ধন কেটে দেওয়া হয়েছে -তদের বিনাশ করার উদ্দেশ্যে পরিকল্পিত স্থানে তারা এখন মুক্ত।

প্রিয় ভাই এবং বোনেরা, আপনি এখন নিজেকে আগুনের মধ্যে দেখতে পারেন। কিন্তু যতক্ষণ আপনারা ঈশ্বরের উপস্থিতির মধ্যে থাকবেন, আপনারা মুক্ত। তিনি আপনাদের সমস্ত বন্ধন ছিন্ন করতে সক্ষম। যীশু খ্রীষ্টের রক্তের মধ্যে স্বাধীনতা আছে।

আমাকে যে বিষয়টি সবচেয়ে অধিক চমৎকৃত করেছিল তা তাদের উদ্ধারের বিষয়টি নয়, কিন্তু তারা যা করছিলেন সেই বিষয়টি: তারা তাদের সৃষ্টিকর্তার সঙ্গে ধীরে সুস্থে হাঁটছিলেন!

এই বিষয়ে চিন্তা করুন - কখন আমরা ধীরে সুস্থে চারপাশে হেঁটে বেড়াতে পারি? লোকেরা যখন চাপ এবং দুশ্চিন্তামুক্ত থাকে তখন তারা পার্কে অথবা বাগানে, শান্তভাবে এবং ব্যস্ততা ছাড়া প্রকৃতিকে অথবা উত্তম সঙ্গ উপভোগ করে তাদের সময় অতিবাহিত করতে পারে।

আপনি কি কল্পনা করতে পারেন? শদ্রক, মৈশক, এবং অবেদ-নগো শান্তভাবে এবং চাপমুক্তভাবে প্রজ্বলিত অগ্নিকুণ্ডের মধ্যে - ধীরে সুস্থে চারিদিকে ঘুরে বেড়াচ্ছিলেন! শত্রু ভেবেছিল তাদের বিনষ্ট করে দিয়েছে, কিন্তু সে পরাক্রমী সত্যটি উপলব্ধি করতে পারেনি: ঈশ্বর তাদের পক্ষে ছিলেন।

আস্থার সঙ্গে উচ্চরবে বলুন: "ঈশ্বর আমার পক্ষে আছেন!"

## ৩। কোনও ক্ষতি হয়নি!

কেবল তাদের হাত ও পা বন্ধনহীন হয়নি,কেবল তারা সদাপ্রভুর সঙ্গে হাঁটেনি - তারা সম্পূর্ণ অক্ষত ছিলেন। যেমন দানিয়েল ৩:২৫ পদে ঘোষণা করা হয়েছে, **"...তাদের কোনও ক্ষতি হয়নি...।"**

**কীভাবে এটা সম্ভব?**

এর অর্থ হচ্ছে আগুনের কোনও চিহ্ন ছিল না - কোনও পোড়ার চিহ্ন নেই, শরীরে কোনও ফোসকার দাগ নেই, এমনকী তাদের দেহে ধোঁয়ার কোনও গন্ধও ছিল না। ঈশ্বর এতো সম্পূর্ণভাবে তাদের আবৃত করেছিলেন, যে মনে হচ্ছিল তারা কখনও আগুনের মধ্যে ছিলেন না।

আমার মনে হয় তাদের যখন অগ্নিকুণ্ডের দিকে নিয়ে যাওয়া হচ্ছিল তখন তারা ২৩ সংখ্যার গীতটি গেয়েছিলেন:

**"যখন আমি মৃত্যুচ্ছায়ার উপত্যকা দিয়া গমন করিব, তখনও অমঙ্গলের ভয় করিব না, কেননা তুমি আমার সঙ্গে সঙ্গে আছ, তোমার পাঁচনী ও তোমার যষ্ঠী আমাকে সান্ত্বনা করে"** (গীত ২৩:৪)।

আর বাস্তবিক, তিনি তাঁর প্রতিজ্ঞা অনুযায়ী, তাদের সান্ত্বনা এবং উদ্ধারের জন্য তাদের সঙ্গে অপেক্ষা করছিলেন।



***যখন আমি মৃত্যুচ্ছায়ার উপত্যকা দিয়া গমন করিব, তখনও অমঙ্গলের ভয় করিব না***

*(ক্রমশঃ, ৬ পাতায়)*

GREAT COMMISSION PARTNERS
ECHO OF HIS CALL MINISTRIES SINCE 1968

# মহান আদেশ অংশীদারগণ

## ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)

**প্রার্থনার অনুরোধসমূহ** (১৯শে সেপ্টেম্বর থেকে ১৮ই অকটোবর, ২০২৫)

**(অনগ্রহ করে এই পষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখন এবং প্রতিদিন প্রার্থনা করুন)**



**(অনগ্রহ করে এই পষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখন এবং প্রতিদিন প্রার্থনা করুন)**

## প্রশংসার বিষয়সমূহ

**সেপ্টেম্বর ১৯ :** আমাদের সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের প্রিন্সিপাল, শিক্ষক-শিক্ষিকা এবং কর্মী সদস্যদের জন্য।

**দিন ২০:** আমাদের সহযোগি সম্পাদকদের এবং তাদের পরিবারবর্গের জন্য।

**দিন ২১:** বাইবেল করেসপণ্ডেস কোর্স এবং থিওলজিক্যাল করেসপণ্ডেস কোর্সের বৃদ্ধির জন্য।

**দিন ২২:** আমাদের কর্মীদের উপর এবং তাদের পরিবারগুলির উপর তাঁর আশীর্ব্বাদ বর্ষণের জন্য।

**দিন ২৩:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের উপর ঈশ্বরের মহান আশীর্ব্বাদের জন্য।

**দিন ২৪:** আমাদের আগস্ট মাসের সমস্ত প্রয়োজনগুলি পুরণের বিষয় ঈশ্বরের বিশ্বস্ত প্রতিবিধানের জন্য।

**দিন ২৫:** ২০২৫ সালের গত ১০ই আগস্টে আমাদের তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলি ৫৭তম বর্ষে প্রবেশ করার উদ্দেশ্যে ঈশ্বরের অনুগ্রহের জন্য আমরা তাঁর প্রতি কৃতজ্ঞতা জানাই।

**দিন ২৬:** সেন্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের নতুন ভর্তির বিষয়ে ঈশ্বরের আনুকূল্যের জন্য।

**দিন ২৭:** আমাদের প্রধান মণ্ডলী এবং সমস্ত শাখামণ্ডলীগুলির রবিবাসরীয় উপাসনা সভাগুলির মাধ্যমে ঈশ্বরের বাক্যের পরাক্রম প্রকাশিত হওয়ার জন্য।

**দিন ২৮:** আমাদের সান্ধ্য নহিমিয় বাইবেল কলেজে নতুন শিক্ষার্থীদের আসার জন্য।

**দিন ২৯:** আমাদের মিশন কর্মীদের দ্বারা গভীর প্রতিশ্রুতিবদ্ধতা প্রদর্শনের জন্য আমরা কৃতজ্ঞতা জানাই।

**দিন ৩০:** আমাদের বহুমুখী পরিচর্যাগুলোর মাধ্যমে সুসমাচারের অগ্রগতির প্রতি আমাদের বরিষ্ঠ পালকের জন্য এবং তাঁর আত্মোৎসর্গের জন্য।

**অকটোবর ০১:** ঈশ্বর আমাদের ১৬টি ভাষায় প্রকাশিত সুসমাচার সাহিত্যকে আশীর্ব্বাদ করেছেন যা আমাদের প্রিন্টিং প্রেস থেকে মুদ্রিত হয় এবং মিশনক্ষেত্রগুলিতে পাঠিয়ে দেওয়া হয়।

**দিন ০২:** আমাদের তাঁর আহ্বানের প্রতিধ্বনি ইউটিউব মিডিয়া পরিচর্যার মাধ্যমে প্রচারিত ৫ মিনিটের বাণী প্রচারের মাধ্যমে আমরা যে উৎসাহপূর্ণ সাক্ষ্যগুলি লাভ করছি তার জন্য কৃতজ্ঞতা জ্ঞাপন করি।

**দিন ০৩:** ঈশ্বর অবিরত আমাদের সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল, নহিমিয় বাইবেল কলেজ এবং বাইবেল করেসপণ্ডেস কোর্সগুলিকে আশীর্ব্বাদ করছেন।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ৪:** আমাদের থিওলজিক্যাল সেমিনারগুলি নিয়মিত আয়োজিত করতে সাহায্যের জন্য ঈশ্বরের পরিচালনার জন্য।

**দিন ৫:** সমস্ত দেশগুলির মধ্যে যেন শান্তি ও ঐক্য বজায় থাকে।

**দিন ৬:** আমাদের সহযোগি সম্পাদকদের এবং তাদের পরিবারগুলির উপর ঈশ্বরের আশীর্ব্বাদের জন্য।

**দিন ৭:** আমাদের অংশীদারগণ এবং রাজ্য সমন্বয়কারীগণ এবং তাদের পরিবারগুলির জন্য।

**দিন ৮:** সারা পৃথিবীর লোকদের নিরাপত্তা এবং কল্যাণের জন্য।

**দিন ৯:** সেন্টপলস্ ম্যাট্রিকুলেশ স্কুলের (গ্রামীন উচ্চবিদ্যালয়) নতুন শিক্ষার্থীদের ভর্তির জন্য।

**দিন ১০:** আমাদের গসপেল প্রিন্টিং প্রেসকে আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ১১:** আমাদের বরিষ্ঠ পালক রেভা. এস. স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারের সুস্বাস্থ্য এবং কল্যাণের জন্য।

**দিন ১২:** ঈশ্বরের সঙ্গে সম্পর্কের ক্ষেত্রে সমস্ত দেশের বিশ্বাসীদের মধ্যে যেন ন্যায়পরায়ণতা বজায় থাকে।

**দিন ১৩:** আমাদের তাঁর আহ্বানের প্রতিধ্বনির ইয়ুথ এবং আউটরীচ্ পরিচর্যাগুলির জন্য।

**দন ১৪:** সমস্ত দেশগুলি থেকে যেন আর্থিক মন্দা শেষ হয়।

**দিন ১৫:** সারা বিশ্বের মিশনারীদের স্বর্গীয় সুরক্ষার জন্য।

**দিন ১৬:** সমস্ত দেশগুলি যেন ঈশ্বর ভীরু নেতাদের দ্বারা পরিচালিত হয়।

**দিন ১৭:** অনগ্রসর এবং প্রান্তিক লোকদের আর্থিক উন্নতির জন্য।

**দিন১৮:** পৃথিবীর সর্বত্র লোকেরা যেন প্রাকৃতিক বিপর্যয়ের হাত থেকে স্বর্গীয় সুরক্ষা লাভ করে।

(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)

## এখানে তাঁর কয়েকটি মূল্যবান প্রতিজ্ঞা প্রদত্ত হলো:

সখরিয় ২:৮

**...কারণ যে কেউ তোমাদের স্পর্শ করে সে আমার চোখের মণি স্পর্শ করে...**

যিশাইয় ৪৯:১৬

**দেখো, তোমার আকৃতি আমার হাতের তালুতে খোদাই করা আছে...**

গীত ৯১:১১

**কারণ তিনি নিজের দূতগণকে তোমার বিষয়ে আজ্ঞা দেবেন তোমার সকল চলার পথে তোমাকে রক্ষা করতে;**

গীত ১২১:৭০

**সদাপ্রভু তোমাকে সকল অমঙ্গল থেকে রক্ষা করবেন, আর তিনি তোমার প্রাণ রক্ষা করবেন।**

যোহন ১০:২৮

**আমি তাদের অনন্ত জীবন দান করি; তারা কোনও দিন বিনষ্ট হবে না। আর আমার হাত থেকে কেউ তাদের কেড়ে নিতে পারবে না।**

প্রিয় বন্ধুগণ, আপনি এখন যদি বিহ্বলকারী অথবা শ্বাসরুদ্ধকারী পরিস্থিতির মধ্যে থাকুন না কেন - আপনি অক্ষত অবস্থায় এই পরিস্থিতির মধ্যে থেকে বের হয়ে আসবেন। কেবল প্রভুকে ধরে থাকুন। যেখানে কোনও পথ নেই বলে মনে হচ্ছে সেখানে তিনি পথ তৈরী করে দেবেন।

আপনি কোনও কুৎসিত সম্পর্কে ফাঁদে আবদ্ধ হতে পারেন, আর্থিক সংকটের মধ্যে ডুবে থাকতে পারেন, মারাত্মক স্বাস্থ্যজনক অবস্থার মধ্যে সংগ্রাম করতে পারেন, কোনও আইনী যুদ্ধে জড়িত হতে পারেন, অথবা প্রিয় কাউকে হারাতে পারেন। কিন্তু মনে রাখবেন - ঈশ্বর আপনার পক্ষে আছেন।

তাঁর প্রতিজ্ঞাগুলি দাবি করুন। ঝড়ের মধ্যে তাঁর প্রশংসা করতে থাকুন। হয় তিনি আপনাকে পরিস্থিতির বাইরে নিয়ে আসবেন অথবা তিনি আপনাকে কোনও ক্ষতি ছাড়াই সহ্য করার অনুগ্রহ দেবেন।

এই ইব্রীয় তিনজন যুবকের মতো , যারা সম্পূর্ণ অক্ষত অবস্থায় আগুনের থেকে বের হয়ে এসেছিল!

### ৪। আগুনের কোনও শক্তি নেই!

দানিয়েল ৩:২৭ পদে বলা হয়েছে, **...আগুন তাদের দেহে কোনও ক্ষতি করেনি...**

যার অর্থ হচ্ছে আপনি যে পরিস্থিতিটির মধ্যে আছেন আপনার উপরে তার কোনও ক্ষমতা নেই। হাল্লেলুইয়া!

রাজা এবং তাঁর অধ্যক্ষরা বিশ্বাস করেছিল যে আগুন তাদের গ্রাস করবে। কিন্তু যা ঘটেছিল তা কিছুটা উল্লেখযোগ্য ছিল: আগুন ফলাফলের উপর আধিপত্য করতে পারেনি- ইব্রীয় যুবকগণ, ঈশ্বরের শক্তিতে, আগুনের উপর আধিপত্য করেছিলেন।

আপনাকে আমি এই কথাটি বলতে চাই: আপনার উপর আপনার পরিস্থিতির কোনও শক্তি নেই-যদি আপনি তাকে সেই ক্ষমতা না দেন।

আপনার ভয়, বেদনা, অথবা সংকটের কাছে নিয়ন্ত্রণ সমর্পণ করবেন না। পরিস্থিতিকে আপনার উপর আধিপত্য করতে দিতে অস্বীকার করুন। ঈশ্বরের সন্তান হিসাবে, আপনি তাঁর কর্তৃত্ব বহন করুন। আগুন প্রকৃত হতে পারে, কিন্তু চতুর্থ যে ব্যক্তি আপনার সঙ্গে হাঁটছেন তাঁর বিরুদ্ধে আগুন শক্তিহীন!

### ৫। এটি ঈশ্বরের গৌরব আনে!

আমাদের জীবনের প্রত্যেকটি ঘটনা - তা আনন্দপূর্ণ অথবা বেদনাদায়ক যাই হোক না কেন - একটি স্বর্গীয় উদ্দেশ্য আছে: ঈশ্বরের গৌরব আনা। হাঁ,এমনকি দুঃখভোগ। এমনকি ক্ষতি, এমনকি আগুন।

অলৌকিক কাজটি প্রত্যক্ষ করে, রাজা নবূখদনিৎসর ঘোষণা করেছিলেন:



**"শদ্রক, মৈশক ও অবেদনগোর ঈশ্বরের প্রশংসা হোক, যিনি নিজের দূত পাঠিয়ে তাঁর দাসদের রক্ষা করেছেন! তারা তাদের ঈশ্বরে আস্থা রেখেছে এবং রাজার আদেশ অমান্য করেছে। এমনকি নিজেদের আরাধ্য ঈশ্বর ছাড়া**

(ক্রমশঃ, ৯ পাতায়)


নহিমিয় বাইবেল কলেজসমূহ

শিক্ষাগত যোগ্যতা: ১০ম শ্রেণী এবং তদুর্দ্ধ

চীপক্ এবং সন্তোষপুরম্, ভেলাচেরী চেন্নাই

ভর্তির জন্য সত্বর যোগাযোগ করুন! মাধ্যম: তামিল (আংশিক সময়),হিন্দি: (আবাসিক) (সন্তোষপুরমে সুপ্রাপ্য), ঈশতত্ত্বে ডিপ্লোমা

আন্তর্জাতিক খ্রীষ্টান নের্তৃবৃন্দ এবং সিনিয়র পাস্টরদের দ্বারা 55 বছর যাবৎ স্বীকৃত

নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করুন:

The Chaiman: Nehemiah Bible College, Echo of his Call.

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.

Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858

E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

## MAIN CHURCH PROGRAMMES

1. Prayer Service : 24 hours
2. **ECHO OF HIS CALL** - Monthly Magazines :English, Tamil, Malayalam, Telugu, Hindi, Kannada, Marathi, Gujarati, Bengali, Odiya, Nepali, Assamese, Punjabi, Urdu, Sinhala & Afrikan.
3. **BIBLECOR -** Basic Bible Courses (English, Tamil & Hindi)
4. Theological Correspondence Courses: English & Tamil
5. Nehemiah Bible Colleges (Chepauk, Santhoshapuram & Velachery)
6. Great Commission Partners (Network of Pastors)
7. Training Programmes – Seminars & Retreats
8. Crusades
9. Literature Distribution and Follow Up
10. Gospel Printing Press - Publications
11. St. Paul's Matriculation School - Village English High School
12. Sunday Schools (Chepauk) : 10.30 a.m. Sunday & (Velachery, Balaji Nagar & Santhoshapuram) 3.00 p.m. Sunday
13. **Early Morning Service : 5.30 a.m. Sunday**
14. **Preliminary Service : 8.00 a.m. Sunday**
15. **Tamil Service : 8.30 a.m. Sunday**
16. **Youth Meeting : 11.00 a.m. Sunday**
17. **Fellowship Lunch : 1.00 p.m. Sunday**
18. **Telugu Service : 4.00 p.m. Sunday**
19. **Hindi Service : 5.00 p.m. Sunday**
20. **Tamil & English Service : 6.00 p.m. Sunday**
21. Feedback Time : 7.30 p.m. Sunday
22. Women's Prayer : 5.30 p.m. Wednesday
23. Men's Prayer : 7.30 p.m. Friday
24. Discipleship Meeting : 6.00 p.m. Saturday
25. House Meetings : 6.30 p.m. Tuesday & Thursday
26. Special Holy Communion : 6.00 a.m. 1st day of each month
27. Ministers' Meeting : 6.00 p.m. First Saturday
28. Parents' Prayer : 4.00 p.m. First Sunday
29. Night Prayer : 9.30 p.m. Third Friday
30. Fasting Prayer : 9:30 a.m. Second Saturday
31. Holy Communion : Second Sunday Services
32. Youth / Kid Prayer : 10.00 p.m. daily (over phone)
33. Staff Devotion : 9.00 a.m. daily
34. Office : 9.00 a.m. to 9.00 p.m. (except Sundays)

### কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য

**১। বাইবেলকোর**

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্বাদ পাবেন।

**২। ডাক মারফত ঈশ্বতাত্ত্বিক পাঠক্রম**

থিওলজিকাল করেসপণ্ডেন্স কোর্স নামে অভিহিত অ্যাডভান্স্ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

*বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।*

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, **Post Box 2957**
CHEPAUK, CHENNAI - 600 005.
**Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,**
**Cell : 98410 71852, 95661 31858**
**E.mail : biblecor@yahoo.co.in**

### বিনামূল্যে মাসিক পত্রিকা
## আহ্বানের প্রতিধ্বনি
### লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | | |
|---|---|---|
| **Account Name** | : | **ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST** |
| **Account Number** | : | **1023 2923 805** |
| **Bank Name** | : | **STATE BANK OF INDIA** |
| **Branch** | : | **TRIPLICANE, CHENNAI - 600 005** |
| **IFSC Code** | : | **SBIN 0000249** |
| **SWIFT Code** | : | **SBI NIN BB 455** |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

## ঈশ্বর ছোটো পবিচর্যাগুলিকে মহিমান্বিত করেন

আমার জীবনের আগের দিনগুলো থেকেই, প্রভু আমার মধ্যে সমস্ত উপায়ে, যে কোনও মূল্যে তাঁর গৌরবময় সুসমাচারের মাধ্যমে লোকদের কাছে পৌঁছানোর বিষয়ে প্রবল আগ্রহ এবং মহাভার দিয়েছিলেন এবং তাদের যীশু খ্রীষ্টের পরিত্রাণ উপভোগ করতে সক্ষম করেছিলেন (১ করিন্থীয় ৯:২২)। একদিন আমি স্থির করেছিলাম যে সুসমাচার পুস্তিকা বিতরণের মাধ্যমে অথবা ব্যক্তিগতভাবে প্রভু যীশু খ্রীষ্টের ভালোবাসা সহভাগিতা করার মাধ্যমে আমি প্রতিদিন কমপক্ষে একজন ব্যক্তির কাছে প্রভু যীশু খ্রীষ্টের ভালোবাসার কথা বলবো। আজ পর্যন্ত এই সিদ্ধান্তটি চালিয়ে যেতে প্রভু আমাকে সাহায্য করছেন।

১৯৭১ সাল থেকে, যখন আমি তামিলনাড়ু সরকারের অধীনে কাজ করছিলাম, আমার অভ্যাস ছিল আমার বাড়ী থেকে অফিসে যাওয়ার পথে এবং অফিস থেকে বাড়ী ফেরার পথে আমি সুসমাচার পুস্তিকা বিতরণ করতাম। আমি যখন এই পরিচর্যা কাজে ছিলাম, তখন আমার হাজার হাজার অখ্রীষ্টান ব্যক্তিদের সঙ্গে এবং কিছু ধার্মিক লোকদের সঙ্গে মিলিত হওয়ার সুযোগ হয়েছিল। এছাড়াও, এই পরিচর্যার মাধ্যমে আমি যে সমস্ত সংযোগগুলো পেয়েছিলাম তার মাধ্যমে আমি চেন্নাইয়ে মণ্ডলী পরিচর্যার কাজ শুরু করেছিলাম।

যেহেতু আমার পক্ষে যথেষ্ট খ্রীষ্টিয় সাহিত্য পাওয়া কঠিন ছিল, সেহেতু বিনামূল্যে বিতরণের জন্য সুসমাচার পুস্তিকা ছাপানোর উদ্দেশে আমাকে স্থানীয় ছাপাখানার মালিকের সঙ্গে যোগাযোগ করতে হয়েছিল। ছাপাখানার মালিক আমার পরিচর্যা কাজের জন্য সুসমাচার সাহিত্যগুলো ছাপানোর বিষয়ে খুশী হননি। এই বিষয়টি আমাকে বেশ কয়েকবার অস্বস্তিতে ফেলেছিল। এই সমস্ত বিরোধী পরিস্থিতিগুলো সত্ত্বেও, প্রভু আমাকে পরিচর্যা কাজ চালিয়ে যেতে সাহায্য করেছিলেন।

বেশ কয়েকবার অন্য ধর্মে বিশ্বাসী বন্ধুদের কাছে সুসমাচার পুস্তিকা বিতরণের সময় আমাকে শারীরিকভাবে আক্রান্ত হতে হয়েছিল। কিন্তু ঈশ্বর আমাকে মন্দ শক্তিগুলোর হাত থেকে রক্ষা করেছিলেন এবং তাঁর পরিচর্যা কাজে সামনে এগিয়ে যেতে আমাকে সাহায্য করেছিলেন।

এখন, আমি যার সেবা করতাম, সেই বিশ্বস্ত প্রভু আমাকে পর্যাপ্ত দক্ষ কর্মী, আধুনিক প্রিন্টিং প্রেস, বিল্ডিংসহ রাস্তাঘাটে, হাটে-বাজারে সুসমাচার পুস্তিকা বিতরণের ক্ষুদ্র পরিচর্যা কাজটিকে সম্মানিত করেছেন। এখন আপনারা অবগত আছেন যে, ঈশ্বরের আশীর্বাদে, এই পরিচর্যা কাজটি বিভিন্ন দেশে প্রভু যীশু খ্রীষ্টের সুসমাচার প্রসারিত করতে সক্ষম হয়েছে, যেহেতু আমরা ১৬টি ভাষায় সুসমাচার অনুবাদ করছি এবং প্রকাশ করছি, যেমন, ইংরাজী, তামিল মালয়ালাম, তেলুগু, হিন্দি, মারাঠী, ওড়িয়া, অসমিয়া, পাঞ্জাবী, কন্নড়, বাংলা, গুজরাটী, উর্দু নেপালী, সিংহলা এবং আফ্রিকান। এছাড়াও আমরা প্রতি রবিবারপাঁচটি ভাষায় আমাদের প্রধান মণ্ডলীতে উপাসনা সভার আয়োজন করেছি, যেমন ইংরাজী,তামিল, মালয়ালাম, তেলুগু এবং হিন্দি।

**যীশু খ্রীষ্ট আপনার জীবনেও মহৎ কাজ করতে পারেন** (গীত ১২৬:৩।

**যারা চোখের জলে বীজবপন করে, তারা আনন্দের গানে শস্য কাটিবে** (গীত ১২৬:৫)।

*************

(ক্রমশঃ ৬ পৃষ্ঠার পর থেকে)

**অন্য দেবতাদের সেবা ও আরাধনা করে নিজেদের জীবন দিতেও তারা প্রস্তুত ছিল। অতএব আমি আদেশ জারি করছি, কোনো জাতি ও ভাষাভাষীর কেউ যদি শদ্রক, মৈশক ও অবেদনগোর আরাধ্য ঈশ্বরের বিপক্ষে কোনো কথা বলে তবে তাদের টুকরো টুকরো করা হবে, তাদের ঘরবাড়ি ভেঙে ধ্বংসস্তূপে পরিণত করা হবে, কারণ অন্য কোনো দেবতা এইভাবে রক্ষা করতে পারে না"** (দানিয়েল ৩:২৮,২৯)।

ঈশ্বর আগুনকে আসতে দিয়েছিলেন। এমনকি তিনি এটি আরও প্রচণ্ড হতে দিয়েছিলেন। কেন?

প্রথমত, তিনি চান আপনি যেন বিশ্বাসে চলেন।

দ্বিতীয়ত, কারণ তিনি তাঁর নামে গৌরব আনার জন্য আপনার সাক্ষ্য ব্যবহার করবেন।

সুতরাং আমার ভাই ও বোনেরা উৎসাহিত হন - আপনি এখন যে পরিস্থিতির মধ্যে দিয়ে যাচ্ছেন তা ব্যর্থ হবে না। এটি ঈশ্বরের উদ্দেশে গৌরব আনবে, এবং আপনি এই অগ্নি থেকে বের হয়ে এসে তাঁর শক্তিশালী পাত্ররূপে পরিশুদ্ধ এবং উজ্জ্বল হবেন।

### ৬। পদোন্নতি !

কয়েক সময় আমাদের মনে প্রশ্ন আসতে পারে, "তাহলে ব্যাপারটা কী? যদি ঈশ্বরই সমস্ত গৌরব এবং সম্মান লাভ করেন - যদি কেবলমাত্র তিনিই উচ্চীকৃত হন - তাহলে এই সমস্ত কিছুর মধ্যে আমার স্থান কোথায়?

কিন্তু আমরা যখন দানিয়েল ৩ অধ্যায়ের গল্পটির বাকী অংশটি পাঠ করি, আমরা একটি সুন্দর সত্য দেখতে পাবো: যারা বিশ্বস্তভাবে তাঁর উপর আস্থা

রাখে ঈশ্বর তাদের পুরস্কারদাতা। শদ্রক, মৈশক, এবং অবেদনগো কেবল আত্মিক জগতে সম্মানিতই হননি, কিন্তু তারা এখানে পৃথিবীতে পুরস্কৃত হয়েছিল।

**এরপর রাজা শদ্রক, মৈশক ও অবেদনগোকে ব্যাবিলন প্রদেশে আরও উঁচু পদে নিযুক্ত করলেন** (দানিয়েল ৩:৩০)।

শয়তান তাদের বিনাশের পরিকল্পনা করেছিল। তার অভিপ্রায় ছিল:

তাদের জীবন শেষ করার, তাদের রাজার আনুকূল্য শেষ করা, তাদের পরিচর্যা কাজ শেষ করা, তাদের বিশ্বাস শেষ করা, তাদের জন্য ঈশ্বরের পরিকল্পনা সমাপ্ত করা, যারা তাদের বিচারের সাক্ষী হয়েছিল তাদের বিশ্বাস খতম করা, আর চূড়ান্তভাবে ঈশ্বরের রাজ্যের বিস্তারকে থামিয়ে দেওয়া।

কিন্তু এসবের কিছুই ঘটেনি।

তার পরিবর্তে, ঈশ্বর শত্রুর পরিকল্পনা তার মস্তকেই ঘুরিয়ে দিয়েছিলেন এবং তিনি পরিস্থিতিটিকে পৃথিবীতে তাঁর রাজ্য সম্প্রসারিত এবং শক্তিশালী করার জন্য ব্যবহার করেছিলেন।

অগ্নি কী সম্পাদন করেছিল তা লক্ষ করুন: ঈশ্বরের পরিকল্পনা সম্পূর্ণ হয়েছিল। এটি ঈশ্বরের গৌরব এনেছিল। এটি কেবল তাদের বিশ্বাসকেই শক্তিশালী করেনি, কিন্তু অন্য ইহুদীদের-এবং এমনকি স্বয়ং রাজার মতো অইহুদীদের বিশ্বাসকেও শক্তিশালী করেছিল। এটি ঈশ্বর এবং মানুষ (রাজা), উভয়ের চোখেই তাদের জন্য আনুকূল্য এনেছিল। এটি তাদের জীবনকে শেষ করেনি; বরং, এটি তাদের নতুন সূচনা দিয়েছিল - একটি নবায়ত উদ্দেশ্য, দর্শন, এবং পদ দিয়েছিল। এটি প্রমাণ করেছিল যে **শত্রু তাদের বিরুদ্ধে অনিষ্ট কল্পনা করেছিল বটে, কিন্তু ঈশ্বর তা মঙ্গলে পরিণত করেছিলেন** (আদি ৫০:২০)।

রাজা - যিনি এক সময় আদেশ দিয়েছিলেন যে তাঁর সোনার তৈরী মূর্তির সামনে সবাইকে প্রণাম করতে হবে - তিনি আজ জনসমক্ষে ইস্রায়েলের ঈশ্বরের শ্রেষ্ঠত্ব ঘোষণা করেছিলেন:

**...অন্য কোনো দেবতা এইভাবে রক্ষা করতে পারে না।** দানিয়েল ৩:২৯

## ৭। ঐকান্তিক প্রয়াস—উত্তরাধিকার রেখে যাওয়া!

অবশেষে, তিনজন ইহূদীয় যুবক এক শক্তিশালী এবং স্থায়ী উত্তরাধিকার রেখেছিলেন - অবিচলিত বিশ্বাসের উত্তরাধিকার যা এমনকী আজকের ২০২৫ সালেও আমাদের উদ্দেশে কথা বলছে।

ঈশ্বর তাদের আগুনের মধ্যে যেতে দিয়েছিলেন যাতে আগামী প্রজন্মের পর প্রজন্মে একটি সাক্ষ্য টিকে থাকতে পারে। তাদের গল্প প্রভুর জন্য একই ঐকান্তিক প্রয়াসসহ জীবন যাপন করতে আমাদের চ্যালেঞ্জ জানায় এবং অনুপ্রাণিত করে।

তারা নির্ভীকভাবে ঘোষণা করেছিলেন:

**...যদি আমাদের জ্বলন্ত অগ্নিকুণ্ডে ফেলে দেওয়া হয়, আমাদের ঈশ্বর যাকে আমরা সেবা করি, তিনি আমাদের রক্ষা করতে পারবেন এবং হে রাজা, আপনার হাত থেকেও আমাদের রক্ষা করবেন। কিন্তু তিনি যদি আমাদের রক্ষা নাও করেন, আপনি জেনে রাখুন হে মহারাজ যে, আমরা আপনার দেবতাদের সেবা করব না অথবা আপনার স্থাপিত সোনার মূর্তিকেও আরাধনা করব না** (দানিয়েল ৩:১৭-১৮)।

সদাপ্রভুর বিষয়ে তাদের যে দুঃসাহস এবং দৃঢ় প্রত্যয় ছিল তা লক্ষ করুন। তারা তাদের বিশ্বাসের সঙ্গে সামঝোতা করার পরিবর্তে মৃত্যুবরণ করতেও প্রস্তুত ছিল।

ঘটনাগুলো যখন আমাদের প্রত্যাশা মতো না ঘটে তখন কতবার আমরা নিরুৎসাহিত হয়ে যাই? আর তথাপি এই যুবকেরা তাদের অবিচলিত আরাধনার করেনি -কিন্তু আমাদের বিশ্বাসও শক্তিশালী করেছিল।

***আমি আপনাদের প্রশ্ন করতে চাই:***

আপনি কি এখনও ঈশ্বরের সেবা করতে পারেন... ব্যর্থতার মধ্যেও? অসুস্থতার মধ্যেও? পারিবারিক সংগ্রামের মধ্যেও? স্বাস্থ্য সংক্রান্ত চ্যালেঞ্জগুলির মধ্যেও? পেশার চ্যালেঞ্জগুলির চাপের মধ্যেও? ব্যক্তিগত হৃদয়ের বেদনার মধ্যেও? বার বার হতাশার মধ্যেও? ভগ্নতার মধ্যেও? এমনকী আশীর্বাদ এবং প্রাচুর্যতার মধ্যেও?

### পশ্চাতে ফিরবেন না



তিনি কাছেই আছেন এবং তাঁর হাত দুটো খোলা আছে

তিনি আপনার জন্য অপেক্ষা করছেন। এই কারণেই যীশু খ্রীষ্ট ক্রুশে মৃত্যুবরণ করেছিলেন - যাতে তিনি আমাদের জন্য মধ্যস্থতা করতে পারেন এবং আমরা কী ধরণের পরিস্থিতির মধ্যে দিয়ে যাচ্ছি তা সম্পূর্ণ বুঝতে পারেন। তিনি দূরবর্তী এবং অপরিচিত নন। তিনি কাছেই আছেন, এবং তাঁর দুইবাহু উন্মুক্ত।

***সুতরাং তাঁকে শক্ত করে আঁকড়ে ধরুন। ঐকান্তিক আগ্রহের সঙ্গে তাঁর সেবা করুন।***

**এমনভাবে জীবন যাপন করুন যা উত্তরাধিকার রেখে যাবে।**

*************

**ত্রুটি মার্জনা**

২০২৫ সালের আগস্ট মাসের পত্রিকার সামনের পৃষ্ঠার প্রথম অনুচ্ছেদে ৭৯তম স্বাধীনতা দিবস উদযাপনের পরিবর্তে ভুল করে ৭৫ তম উল্লেখ করা হয়েছে। ত্রুটির জন্য দুঃখিত।

- Chief Editor


## খ্রীষ্টিয় কার্যালয়ে জরুরী প্রয়োজন

১। কম্পিউটার অপারেটরস্

২। প্রিন্টিং অপারেটাস্

Contact: ECHO OF HIS CALL (+91) 98412 71858, E.mail : sam@echoofhiscall.org


## বিজ্ঞপ্তি

আমাদের মোবাইল নম্বর আপনার মোবাইলে সেভ সেভ করে রাখুন

(+91) 98410 71858,

(+91) 98412 71858__ সম্পাদক

Posted at "Egmore RMS Patrika Channel" RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/24-26 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/24-26

## Echo of His Call

**YouTube**
Please subscribe

Kindly view and subscribe our **Echo of His Call YouTube Channel** when you get time. Thanks.

- Editor

## OUR BANK DETAILS:

### *1. Bank : State Bank of India*

| | | |
|---|---|---|
| Branch | : | **Triplicane, Chennai-5** |
| Name | : | **S. Sam Selva Raj** |
| A/C No. | : | **1023 2934 679** |
| IFSC | : | **SBIN 00 00 249** |
| SWIFT CODE | : | **SBI NIN BB 455** |

### *2. Bank : ICICI Bank*

| | | |
|---|---|---|
| Branch | : | **Anna Salai, Chennai-6** |
| Name | : | **Echo of His Call** |
| A/C No. | : | **6038 0502 2319** |
| IFSC | : | **ICIC 000 6038** |

### *3. Bank : State Bank of India*

**(This Account is for Tax Exemption for Indians only )**

| | | |
|---|---|---|
| Branch | : | **Triplicane, Chennai-5** |
| Name | : | **Echo of His Call Educational Trust** |
| A/C No. | : | **1023 2923 805** |
| IFSC | : | **SBIN 00 00 249** |

**Google Pay: 98410 71858**
**PayPal : SAM SELVA RAJ**
*****
**E.mail : sam@echoofhiscall.org**

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য** : ১০০ টাকা **আজীবন গ্রাহক মূল্য** : ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাকৃত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

## ECHO OF HIS CALL

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA.
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852, 95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.org

**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**

RNI NO. 70104/98
Postal Regn. No. TN/CH/(C)/205/24-26
WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/24-26
Date of Publication: Second week of every month
Date of Posting : 13th & 14th of every month
Posted at "Egmore RMS Patrika Channel"
on 15th SEPTEMBER 2025
If un-delivered please return to:
**ECHO OF HIS CALL (BENGALI)**
P.O. Box No. 2957,
Chepauk, Chennai - 600 005, INDIA.
Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766

## *JESUS LOVES YOU!*

To

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers**, New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**